




ঢাকা ওয়াসা

- ১। ২০২৫-২৬ ইং অর্থ বৎসরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার কপি।
 ২। মাস ক্রিনিং কাজের কমিটি কর্তৃক অনুমোদিত দরের কপি।
 ৩। প্রাক্কলনের কপি।

Subject: Cost Calculation of Purchase of Plastic Sacks and hiring of vans and trucks for removal of sludge lifted from cleaning work for mass cleaning work of Group 07 under MODS Zone-2.

০১। সদয় অবগত করানো যাচ্ছে যে, মডস্ জোন-২ ঢাকা ওয়াসা এর অন্যতম জনবহুল বানিজ্যিক, আবাসিক এবং পর্যটন শহর। এই জোনের আওতাধীন এলাকায় লালবাগের কেব্লা, আহসান মঞ্জিল, হোসেনী দালান, ছোট কাটরা, বড় কাটরা, মকিম বাজার ইত্যাদি ঐতিহাসিক স্থাপনা এবং চকবাজার, মৌলভী বাজার, ইসলামপুর, সদরঘাটসহ গুরুত্বপূর্ণ বাণিজ্যিক স্থান রয়েছে। ফলে দেশী বিদেশী পর্যটক ও গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গসহ ব্যবসায়িক ও সাধারণ ব্যক্তিগণ চলাচল করে থাকেন। এম.আই.এস রিপোর্ট অনুযায়ী অত্র জোনে বিভিন্ন ব্যাসের প্রায় ১৬২ কিলোমিটার পয়ঃ লাইন এবং প্রায় ৩৫০০ ম্যানহোল ও ওয়াই পিট বিদ্যমান রয়েছে। উক্ত পয়ঃ লাইন দ্বারা অত্র জোনের গ্রাহকদের পয়ঃ বর্জ্য অপসারিত হয়। পয়ঃ সংযোগের বিল বাবদ ঢাকা ওয়াসার বিপুল পরিমাণ রাজস্ব আয় হয়। সৃষ্ট পয়ঃ ব্যবস্থাপনা বজায় রাখতে বাৎসরিক ভিত্তিতে মাস ক্রিনিং কাজ করা হয়। বর্তমানে জোনের আওতাধীন বিভিন্ন এলাকায় পয়ঃ লাইনে ব্লকেজের কারণে ফ্লো বাধাপ্রাপ্ত হয়ে অনেকাংশে ওভারফ্লো হয়ে পরিবেশ দূষিত হয় ফলে জনস্বাস্থ্য বিঘ্নিত হচ্ছে। প্রায়শই পয়ঃ ওভার ফ্লো এর অভিযোগ আসছে। বিভাগীয় সীমিত লোকবল দ্বারা কাজ চালিয়ে নেয়া হচ্ছে। কিন্তু সৃষ্টভাবে পয়ঃ প্রবাহ বজায় রাখা, পরিবেশ দূষন রোধ ও ঢাকা ওয়াসার ভাবমূর্তি রক্ষার্থে জরুরী ভিত্তিতে সুয়ার লাইন ও ম্যানহোলের মাস ক্রিনিং কাজ করা প্রয়োজন। ইতোমধ্যে ০৩ টি গ্রুপের মাস ক্রিনিং কাজের অনুমোদন যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়েছে এবং মাঠ পর্যায়ে ক্রিনিং কাজ শেষ পর্যায়ে রয়েছে। স্ল্যাজ সরানোর জন্য কোন ঠিকাদার নিয়োজিত না থাকায় উত্তোলিত স্ল্যাজ অপসারণ করা যাচ্ছে না। এতে করে এলাকাবাসী হতে স্ল্যাজ অপসারণের জন্য বার বার তাগাদা দিয়ে আসছে। দ্রুত স্ল্যাজগুলি অপসারণ করা প্রয়োজন। ১ম পর্যায়ে মাস ক্রিনিং (প্রায় ১২.৩০ কিঃ মিঃ) কাজ করার লক্ষ্যে ডেইলি লেবার বাদে শুধু মাত্র প্র্যাস্টিকের বস্তা ক্রয় এবং উত্তোলিত স্ল্যাজ অপসারণের জন্য ভ্যান ও ট্রাক ভাড়া করণ কাজের খরচের জন্য দর নির্ধারন কমিটির অনুমোদিত দর অনুযায়ী প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যাহাতে টাকার পরিমাণ দাঁড়িয়েছে = ৪,৯৮,৫০০.০০ (চার লক্ষ আটানব্বই হাজার পাঁচশত) টাকা মাত্র। কাজটির ব্যয়ভার অত্র জোনের ২০২৫-২৬ ইং অর্থ বৎসরের অনুমোদিত ক্রয়-পরিকল্পনার ক্রমিক নং-৬১ এর “সুয়ার লাইন মেরামত ও রক্ষণাবেক্ষণ” খাত হতে বহন করা যেতে পারে। উক্ত প্যাকেজটি ২০২৫-২৬ ইং অর্থ বছরের সংশোধিত ক্রয় পরিকল্পনায় অন্তর্ভুক্ত করা হবে।

P. T. ০

০২। এমতাবস্থায়, উপরোক্ত বিস্তারিত বর্ণনার আলোকে মডস জোন-২ এর আওতাধীন ০৫-সংশ্লিষ্ট মাস ক্রিনিং এর কাজ করার লক্ষ্যে প্লাস্টিকের বস্তা ক্রয় এবং ক্রিনিং কাজের উত্তোলিত স্ল্যাজ অপসারণের জন্য ভ্যান ও ট্রাক ভাড়া করণ কাজ বাস্তবায়নের লক্ষ্যে প্রাক্কলনে উপস্থাপিত সর্বমোট= ৪,৯৮,৫০০.০০ (চার লক্ষ আটানব্বই হাজার পাঁচশত) টাকা মাত্র এর প্রাক্কলনটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০২৫ এর বিধি ৯০ অনুসরণে RFQ পদ্ধতিতে কাজটি সম্পন্ন করার অনুমোদনের জন্য নথিখানা ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বরাবর প্রেরণ করা যেতে পারে।

০৫/০৫/২৬

মোঃ হিরক আল মামুন
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-২, ঢাকা ওয়াসা।

AE
Sardar Jaseemul Hossain
Assistant Engineer
MODS Zone-2, Dhaka WASA

০৪/৫/২০২৬
মোহাম্মদ নজরুল ইসলাম
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-২, ঢাকা ওয়াসা।

০৮/০৬/২৬
মোঃ ফিরোজ আলম
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-২, ঢাকা ওয়াসা।

১১/০৬/২৬
শওকত মাহমুদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।

২২/০৬/২০২৬
৩৫১(০১৫)
মোঃ মিজানুল হক
(অতিরিক্ত সচিব)
উপব্যবস্থাপনা পরিচালক (গেজটমে)
অতিরিক্ত দায়িত্ব
ঢাকা ওয়াসা।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়
মোঃ আমিনুল ইসলাম
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।

৩০/০৫/২৬
মিজান গোলাম কিবরিয়া
উপ-ব্যবস্থাপনা পরিচালক
পরিচালন ও রক্ষণাবেক্ষণ (আনয়)
ঢাকা ওয়াসা।

শওকত মাহমুদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।